গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭
উত্তরা, ঢাকা-১২৩০।
[জনপ্রশাসন শাখা]
www.dknvat.gov.bd

নথি নম্বর- ৫(৩)/ঢাকা উত্তর/জঃ প্রঃ/সদর/১৩/২০২৪/ ৬৬৮ তারিখ: ০৪ /০৮ /২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা কর্তৃক গত ০৪/০৬/২০২৬ খ্রি. তারিখ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে আবেদনকারী প্রার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত পদের লিখিত পরীক্ষা ছকে বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| ক্রমিক | পদের নাম | পরীক্ষার তারিখ ও সময় | পরীক্ষা কেন্দ্র |
|---|---|---|---|
| ১. | পরিসংখ্যান অনুসন্ধায়ক | ১৪/০৮/২০২৬ খ্রি. শুক্রবার বিকাল ০৩:০০ টা | **উত্তরা হাই স্কুল এন্ড কলেজ** রোড- ০১ ও ২৭, সেক্টর-০৭, উত্তরা, ঢাকা-১২৩০ |
| ২. | কম্পিউটার অপারেটর | | |
| ৩. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | | |
| ৪. | উচ্চমান সহকারী | | |
| ৫. | ক্যাশিয়ার | | |
| ৬. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | | |
| ৭. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | | |
| ৮. | ডেসপাচ রাইডার | | |
| ৯. | ফটোকপি অপারেটর | | |

**পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা:**

০১) লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে;

০২) পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষার সময় শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। পরীক্ষা শুরুর পর কোনো প্রার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। প্রার্থীকে অবশ্যই তার নির্ধারিত আসনে বসতে হবে;

০৩) আবেদনপত্রের ছবি/স্বাক্ষরের সাথে কোনো পরীক্ষার্থীর চেহারা/স্বাক্ষরের মিল না থাকলে তার পরীক্ষা গ্রহণ করা হবে না;

০৪) সরবরাহকৃত উত্তরপত্র/খাতার মধ্যেই লেখা সম্পন্ন করতে হবে। অতিরিক্ত কোনো খাতা বা কাগজ সরবরাহ করা হবে না এবং ব্যবহৃত প্রশ্নপত্র খাতার সাথে অবশ্যই জমা দিতে হবে;

**০৫) পরীক্ষার কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি, ক্রেডিট/ডেবিট কার্ড, ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক, উত্তরপত্র/কাগজপত্র, নোট, ক্যালকুলেটর, ব্যাগ, পার্স ইত্যাদি নিয়ে প্রবেশ করা যাবে না। পরীক্ষা চলাকালে কোনো মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইস, বই-পুস্তক, উত্তরপত্র/কাগজপত্র, নোট, ক্যালকুলেটর, ব্যাগ, পার্স ইত্যাদি পাওয়া গেলে বা কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;**

০৬) প্রার্থীকে পরীক্ষা কক্ষে অবস্থানকালে অবশ্যই উভয় কান উন্মুক্ত রাখতে হবে;

০৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) এর ওয়েবসাইট (http://dknvat.gov.bd) এর মাধ্যমে জানানো হবে;

০৮) প্রার্থীকে অবশ্যই কালো কালির বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার নিষিদ্ধ;

**০৯) সুষ্ঠু পরীক্ষা গ্রহণ নিশ্চিতকরণ এবং জালিয়াতি প্রতিরোধে পরীক্ষা গ্রহণ প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে ভিডিও বা স্থিরচিত্র ধারণ, ডিজিটাল প্রযুক্তি এবং AI ব্যবহার করে অংশগ্রহণকারীর পরিচিতি যাচাই ও তদারকি করা হবে; এবং**

১০) কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যেকোনো সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

04/08/2026
কামনাশীষ
অতিরিক্ত কমিশনার
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটি